



B(3rd Sm.)-Bengali-H/CC-7/CBCS

২০২৪

বাংলা—সাম্মানিক

তৃতীয় সেমিস্টার

পত্র : CC-7

(কথাসাহিত্য)

পূর্ণমান - ৬৫

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ১। (ক) “পুরনো ও নতুন দুই কালের আলো-আঁধারে তার বাস।”— এই উক্তির আলোকে ‘যোগাযোগ’ উপন্যাসের কুমুদিনীর চরিত্রটি আলোচনা করো। ১০
- অথবা,
- (খ) ‘যোগাযোগ’ উপন্যাসে নবীন ও নিস্তারিনীর উপকাহিনি সংযোগের গুরুত্ব বিষয়ে আলোচনা করো। ১০
- অথবা,
- (গ) ‘দেনাপাওনা’ উপন্যাসে ষোড়শী-চরিত্রটি সম্পর্কে বিস্তারিত আলোচনা করো। ১০
- অথবা,
- (ঘ) শরৎচন্দ্রের ‘দেনাপাওনা’ উপন্যাসে গ্রাম জীবনের জটিলতার স্বরূপটি বিশ্লেষণ করো। ১০
- ২। (ক) ‘পদ্মানদীর মাঝি’ উপন্যাসে রহস্যময় হোসেন মিঞা চরিত্রটি সম্পর্কে আলোচনা করো। ১০
- অথবা,
- (খ) ‘পদ্মানদীর মাঝি’ কি আঞ্চলিক উপন্যাস?— আলোচনা করো। ১০
- অথবা,
- (গ) ‘অরণ্যের অধিকার’ উপন্যাসের বীরসা মুণ্ডা চরিত্রটি বিশ্লেষণ করো। ১০
- অথবা,
- (ঘ) ‘অরণ্যের অধিকার’ উপন্যাসের ‘উপসংহার’ অংশের গুরুত্ব বিশ্লেষণ করো। ১০
- ৩। (ক) রবীন্দ্রনাথের ‘ল্যাবরেটরি’ গল্পের আধুনিকতা বিচার করো। ১০
- অথবা,
- (খ) ‘পয়োমুখম্’ গল্পটির আখ্যান রচনায় একপ্রকার নির্মোহ বাস্তবতার প্রকাশ ঘটেছে।— আলোচনা করো। ১০

Please Turn Over

(0963)

৪। (ক) 'যোগাযোগ' উপন্যাসে শ্যামাসুন্দরী চরিত্রের প্রয়োজনীয়তা সম্পর্কে আলোচনা করো। ৫

অথবা,

(খ) 'যোগাযোগ' উপন্যাসে চাটুজ্যে ও ঘোষালদের পারিবারিক দ্বন্দ্বের সংক্ষিপ্ত পরিচয় দাও। ৫

অথবা,

(গ) "ইহার ধর্ম নাই, পুণ্য নাই, লজ্জা নাই, সঙ্কোচ নাই— এ নির্মম, এ পাষণ। ইহার মুহূর্তের প্রয়োজনের কাছেও কাহারও কোনো মূল্য কোনো মর্যাদা নাই।"— প্রসঙ্গসহ ব্যাখ্যা করো। ৫

অথবা,

(ঘ) "এ ভালোই হইল যে, ষোড়শীর গৃহের দ্বার তার মুখের উপর চিরদিনের মত স্তব্ধ হইয়া গেল।"— এখানে 'তার' বলতে কাকে বোঝানো হয়েছে? তার এরকম উপলব্ধির কারণ কী? ১+৪

৫। (ক) "ঈশ্বর থাকেন ওই গ্রামে, ভদ্রপল্লীতে, এখানে তাঁহাকে খুঁজিয়া পাওয়া যাইবে না।"— প্রসঙ্গ উল্লেখ করে উক্তিটির তাৎপর্য লেখো। ৫

অথবা,

(খ) "কপিলার মন বুঝিবার ক্ষমতা ভগবান কুবেরকে দেন নাই।"— কোন প্রসঙ্গে এই উক্তি? উক্তিটির তাৎপর্য আলোচনা করো। ১+৪

অথবা,

(গ) "আমার লড়ায়ের নাম উলগুলান।"— প্রসঙ্গ উল্লেখসহ ব্যাখ্যা করো। ৫

অথবা,

(ঘ) "বিচারাধীন অবস্থায় তোমার মৃত্যুই ছিল অভিপ্রেত।"— উক্তিটি কার? উক্তিটির তাৎপর্য ব্যাখ্যা করো। ৫

৬। (ক) "এবার তাহার স্বামী চক্ষু এবং কর্ণেন্দ্রিয় দ্বারা পরীক্ষা করিয়া এক ভাষা বিশিষ্ট কন্যা বিবাহ করিয়া আনিল।" কে, কেন বিবাহ করলো? উক্তিটি ব্যাখ্যা করো। ১+১+৩

অথবা,

(খ) "তারা দেখছে শুধু কতকগুলি সাদা সাদা ফসিল; তাতে আজকের এই এত লাল রক্তের কোনো দাম নেই।"— প্রসঙ্গ উল্লেখ করে উক্তিটি ব্যাখ্যা করো। ২+৩

৭। (ক) 'যোগাযোগ' উপন্যাসে কুমুদিনীর সঙ্গীতসাধনার পরিচয় দাও। ৫

অথবা,

(খ) "আশঙ্কায় উৎকণ্ঠায় এককড়ির মুখ বিবর্ণ হইয়া গেল।"— এককড়ি কে? তার মুখ বিবর্ণ হওয়ার কারণ কী? ১+৪

অথবা,

(গ) "সন্তান স্নেহের হিসাবে জেলেপাড়ার জননীদের মধ্যে মালার মৌলিকতা আছে।"— উক্তিটি ব্যাখ্যা করো। ৫

অথবা,

- (ঘ) “মোর বুকো আজো ক্ষীর আছে; তবু মোর সন্তানদের বেরাগী করে রেখে দিল ওরা, এমন কপাল।” — উক্তিটির তাৎপর্য আলোচনা করো। ৫

অথবা,

- (ঙ) “কচি বয়সের বিধবার রাগ গায়ে মাখতে নেই।” — কে কার সম্পর্কে এ কথা বলেছে? এ কথা বলার কারণ কী? ১+১+৩

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×১৫

- (ক) ‘যোগাযোগ’ উপন্যাসটি কোন পত্রিকায় প্রথম প্রকাশিত হয়?

অথবা,

ষোড়শীর পিতার নাম কী?

- (খ) কুমুদিনীর পিতা ও মাতার নাম কী?

অথবা,

জমিদার জীবানন্দের বিবাহ হয়েছিল কার সঙ্গে?

- (গ) বিপ্রদাস কুমুকে কী কী শিখিয়েছিল?

অথবা,

“সেই অবধি দস্যু অপবাদগ্রস্ত এই দুটি পরমভক্ত” — দস্যু দুজনের নাম ও সম্পর্ক কী?

- (ঘ) মধুসূদন কোন গণকীরের কাছে হাত দেখিয়েছিলেন?

অথবা,

ষোড়শী ভৈরবীর দায়িত্ব ত্যাগ করে কী কী জিনিস ফিরিয়ে দিয়েছিলেন?

- (ঙ) মোট ক’টি পরিচ্ছেদে ‘পদ্মানদীর মাঝি’ উপন্যাসটি বর্ণিত হয়েছে?

অথবা,

বিরসার কোন রোগে আক্রান্ত হয়ে মৃত্যু হয়েছে বলে প্রচার করা হয়েছিল?

- (চ) হোসেন মিঞা কেতুপুরে প্রথম কোথায় আশ্রয় নিয়েছিল?

অথবা,

সাঁওতালদের প্রধান দুজন নেতার নাম কী?

- (ছ) রাসুর সঙ্গে পরিবারের আর কোন কোন সদস্য ময়নাবীপে গিয়েছিল?

অথবা,

মুণ্ডারীদের আদি দেবতা কে?

(জ) কপিলার স্বশুরবাড়ি যে গ্রামে তার নাম কী?

অথবা,

কত সালে বিরসাকে দু'বছরের সশ্রম কারাদণ্ড দেওয়া হয়?

(ঝ) জেলে পাড়ার ঝড়ে কুবেরের ঘরে কী ক্ষতি হয়েছিল?

অথবা,

বিরসাকে ধরিয়ে দেওয়ার জন্য শশিভূষণ রাই, মাঝি তামারিয়া কত টাকা পেয়েছিল?

(ঞ) 'নিশীথে' গল্পে দক্ষিণাচরণ বাবুর দুই স্ত্রীর নাম কী ছিল?

(ট) 'একরাত্রি' গল্পের নায়কের পেশাগত পরিচয় কী?

(ঠ) 'সুভা' গল্পে তার গাভীদুটির নাম কী ছিল?

(ড) 'মহানগর' গল্প অনুসারে মহানগরের সঙ্গীত কেমন হওয়া উচিত?

(ঢ) 'এখন প্রেম' গল্পটির লেখকের নাম কী?

(ণ) 'প্লাবনকাল' গল্পে পদ্মবুড়ির নাতিদের পুকুরে মাছ ধরার সময় সান্ধী হিসেবে কারা এসেছিল?